

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৬৩

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/১৩. ইমারত নির্মাণ ও ধ্বংস

بَابِ فِي الْبِنَاءِ وَالْخَرَابِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُوسَى، حَدَّثَنَا شَرِيكُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ حَارِثَةَ بْنِ مُضَرِّبٍ، قَالَ أَتَيْنَا خَبَّابًا نَعُودُهُ فَقَالَ لَقَدْ طَالَ سُقْمِي وَلَوْلاَ أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " لاَ تَتَمَنَّوُا الْمَوْتَ " . لَتَمَنَّيْتُهُ وَقَالَ " إِنَّ الْعَبْدَ لَيُؤْجَرُ فِي نَفَقَتِهِ كُلِّهَا إِلاَّ فِي النِّبَاءِ " . أَوْ قَالَ " فِي الْبِنَاءِ " .

বাংলা

8/8১৬৩। হারিসা ইবনে মুদাররিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা অসুস্থ খাববাব (রাঃ) কে দেখতে এলাম। তখন তিনি বলেন, আমার অসুস্থাবস্থা দীর্ঘায়িত হচ্ছে। যদি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে না শুনতামঃ "তোমরা মৃত্যুর আকাংখা করো না", তাহলে অবশ্যই আমি মৃত্যু কামনা করতাম। তিনি বলেছেনঃ নিশ্চয় বান্দা তার প্রতিটি ব্যয়ের জন্য প্রতিদান পাবে, মাটিতে ব্যয় করার বা ইমারত নির্মাণ ব্যয় ব্যতীত।

English

It was narrated that Harithah bin Mudarrib said:

"We came to Khabbab to visit him (when he was sick), and he said: 'I have been sick for a long time, and were it not that I heard the Messenger of Allah () say: "Do not wish for death," I would have wished for it.' And he said: "A person will be rewarded for all his spending, except for (what he spends) on dust," or he said, "on building."

ফুটনোট

তিরমিযী ৯৭০, আহমাদ ২০৫৫০, মিশকাত ৫৬৮২। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইসমাইল



বিন মুসা সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন, তার ব্যাপারে শীয়া মতাবলম্বী হওয়ার অভিযোগ রয়েছে। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৪৯১, ৩/২১০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন